# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**14-05-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভায় আজও নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব চলছে।

২) আগামীকাল অষ্টাদশ বিধানসভার অধিবেশনে অধ্যক্ষ নির্বাচন করা হবে। এই পদে বিজেপি প্রার্থী করেছে কোচবিহার দক্ষিণ কেন্দ্রের বিধায়ক রথীন্দ্র বোসকে।

৩) রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-র আত্মনির্ভর ভারত গঠনের উদ্যোগে সামিল হওয়ার জন্য রাজ্যের মানুষকে আহ্বান জানিয়েছেন।

৪) এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯১ দশমিক ২/৩ শতাংশ। ৪৯৬ পেয়ে প্রথম হয়েছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের আদৃত পাল।

৫) ভোট পরবর্তী হিংসার অভিযোগে করা মামলায় আজ কলকাতা হাইকোর্টে শুনানিতে অংশ নেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৬) দীর্ঘ টালবাহানার কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাস, আজ সল্টলেকের সিজিও কমপ্লেক্সে ইডির দপ্তরে হাজিরা দিয়েছেন।

---

রাজ্য বিধানসভায় আজও নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব চলছে। গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ ১৪৪ জন বিধায়ক শপথ নেন। ভবানীপুরের বিধায়ক হিসাবে শপথ নেন মুখ্যমন্ত্রী।

আজ প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রামের নির্বাচিত বিধায়করা শপথ নিচ্ছেন। দ্বিতীয়ার্ধে শপথ নেবেন পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ও বীরভূমের জয়ী বিধায়করা। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

----------------------

কোচবিহার দক্ষিণ কেন্দ্রের বিজেপি বিধায়ক রথীন্দ্র বোস অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ পদে শাসকদলের প্রার্থী হচ্ছেন। আজই তিনি মনোনয়ন জমা করেছেন। সর্বসম্মতিক্রমে রথীন বোস, পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হবেন বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সমাজমাধ্যমে প্রত্যয় ব্যক্ত করেছেন। পরে মুখ্যমন্ত্রী বিধানসভায় রথীন্দ্র বোসকে অভিনন্দন জানান। সাংবাদিকদের তিনি বলেন, অধ্যক্ষ পদ পরিচালনার জন্য রাজনৈতিক অভিজ্ঞতা এবং শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন। একজন চ্যাটার্ড অ্যাকাউন্ট্যান্ট ব্যক্তিকে এই পদে মনোনীত করতে পেরে সকলেই খুশী বলে শ্রী অধিকারী মত প্রকাশ করেন।

বাইট

উল্লেখ্য, বিধানসভার নিয়ম অনুযায়ী, নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব শেষ হওয়ার পর অধ্যক্ষ পদে ভোট নেওয়া হয়। তবে রথীন্দ্র বোসের নামের পাল্টা হিসাবে বিরোধীরা যদি কোনও প্রার্থী না দেয়, তাহলে ভোটাভুটির প্রয়োজন পড়বে না। সেক্ষেত্রে সর্বসম্মতিক্রমেই তিনি বিধানসভার নতুন অধ্যক্ষ নির্বাচিত হবেন। একইসঙ্গে বর্তমান

বিধানসভায় শাসকদলের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকায় তাদের প্রার্থীর জয়ী হওয়া নিশ্চিত বলে মনে করা হচ্ছে।

এদিকে দলের তরফে তাঁকে যে দ্বায়িত্ব দেওয়া হচ্ছে, তা বিধানসভার মর্যাদা রক্ষায় নিষ্ঠার সঙ্গে পালন করবেন বলে রথীন বাবু জানান। সোশ্যাল মিডিয়ার এক বার্তায় তিনি অধ্যক্ষ পদে মনোনীত হওয়ার জন্য মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

---------------------

রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-র আত্মনির্ভর ভারত গঠনের উদ্যোগে সামিল হওয়ার জন্য  রাজ্যের মানুষকে আহ্বান জানিয়েছেন। এক বার্তায় রাজ্যপাল বলেন, দায়িত্বশীল আচরণ, জন অংশীদারিত্ব এবং আত্মনির্ভরতার দৃষ্টিভঙ্গীর মধ্য দিয়েই দেশকে আরও শক্তিশালী করে তোলা সম্ভব। জ্বালানি সাশ্রয়, গণপরিবহণ ও কার পুলিং ব্যবহার, ‘ভোকাল ফর লোকাল’-কে সমর্থন, দেশীয় পর্যটনের প্রসার, সম্পদের দায়িত্বশীল ব্যবহার, ভোজ্য তেলের অপচয় কমানো, অপ্রয়োজনীয় আমদানি হ্রাস, সোনা কেনার ক্ষেত্রে সংযম এবং কৃষি কাজে জৈব সার ব্যবহারে উৎসাহ দেওয়ার মতো পদক্ষেপ দেশের অর্থনৈতিক স্থিতিশীলতাকে আরও শক্তিশালী করে তুলবে।

একই সঙ্গে বিভিন্ন প্রতিষ্ঠান, শিল্পসংস্থা ও কর্মক্ষেত্রে ভার্চুয়াল বৈঠক এবং সম্ভব হলে ওয়ার্ক ফ্রম হোম পদ্ধতি চালু করার আবেদনও জানিয়েছেন রাজ্যপাল। তাঁর মতে, এর ফলে জাতীয় সম্পদ সংরক্ষণে ইতিবাচক প্রভাব পড়বে।

বার্তায় রাজ্যপাল আরও বলেন, ভারতের প্রকৃত শক্তি নিহিত রয়েছে জনঅংশীদারিত্বে। ঐক্যবদ্ধভাবে দায়িত্ব ও সেবার মানসিকতা নিয়ে নাগরিকরা এগিয়ে আসলে দেশগঠনের শক্তিশালী ভিত তৈরি হবে বলেও শ্রী রবি মত প্রকাশ করেন।

---------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ National Action Plan for Toys”। দেশে খেলনা শিল্পের প্রসার নিয়ে ভারত টয়স অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ব্রিজেশ রানিলা-ওয়ালার সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-----------------------

দীর্ঘ জটিলতা কাটিয়ে চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের বকেয়া কাজ আগামীকাল শুরু হচ্ছে। নিউ গড়িয়া থেকে কলকাতা বিমানবন্দর মেট্রো লাইনে বাকি থাকা ৩৬৬ মিটার অংশের নির্মান কাজের জন্য বাইপাসের কিছু অংশে দু দফায় নিয়ন্ত্রণ করা হবে যান চলাচল।

প্রথম দফায় আগামীকাল রাত ৮ টা থেকে ১৮ই মে সকাল ৮ টা পর্যন্ত পশ্চিম দিকের একটি লেন এবং দ্বিতীয় দফায় ২২মে রাত ৮ টা থেকে ২৫শে মে সকাল ৮ টা পর্যন্ত

পূর্ব দিকের লেনে সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে।

উল্লেখ্য, গার্ডার বসানোর কাজের জন্য চিংড়িঘাটা মোড়ে আংশিক যান নিয়ন্ত্রণে মেট্রো কর্তৃপক্ষ অনুমতি চাইলেও পূর্বতন সরকার তা না দেওয়ায় দীর্ঘদিন এই কাজ থমকে ছিল। এই নিয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলাও দায়ের হয়।

-----------------------

এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হয়েছে। পাশের হার ৯১ দশমিক ২/৩ শতাংশ। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার জানিয়েছেন, গতবারের তুলনায় পাশের হার সামান্য বেড়েছে। **প্রথম দশে স্থান পেয়েছেন ৬৪ জন।**

বাইট পার্থ

৪৯৬ নম্বর পেয়ে প্রথম হয়েছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের ছাত্র আদৃত পাল। ঐ স্কুল থেকেই ঋতব্রত নাথ এবং ঐতিহ্য পাছাল এবং পুরুলিয়া রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের জিষ্ণু কুন্ডু ৪৯৫ পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। ৪৯৪ পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন পাঁচ জন।

রাজ্যের প্রথম দশে থাকা পরীক্ষার্থীদের মধ্যে ১৮ জনই নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের পড়ুয়া। স্কুলের এই সাফল্যে সন্তোষ ব্যক্ত করেছেন মিশনের প্রধান শিক্ষক ইষ্টেশানন্দজী মহারাজ।

বাইট মহারাজ

সংসদ সভাপতি জানান, এবারই প্রথম সেমিস্টার পদ্ধতিতে উচ্চ মাধ্যমিক হয়েছে। তৃতীয় এবং চতুর্থ সেমিস্টারের ফলাফলের ভিত্তিতেই উচ্চ মাধ্যমিকের চূড়ান্ত মূল্যায়ন করা হয়েছে। বিজ্ঞান বিভাগে পাশের হার সর্বোচ্চ। এরপরই রয়েছে বাণিজ্য এবং কলা বিভাগ।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতী ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানিয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় সহ মেধা তালিকায় থাকা পরীক্ষার্থীদের সঙ্গে তিনি কথা বলবেন বলে জানান। রাজ্য সরকারের তরফে আধিকারিকরাও তাঁদের বাড়িতে গিয়ে অভিনন্দন জানাবেন।

ইতোমধ্যেই মুখ্যমন্ত্রী ভিডিওকলে উচ্চ মাধ্যমিকে প্রথম আদৃত পাল ও তার বাবা মায়ের সঙ্গে কথা বলেছেন।

----------------------

স্কুলের প্রার্থনা সংগীত হিসেবে এবার থেকে জাতীয় স্তোত্র বন্দেমাতরম গাওয়া বাধ্যতামূলক করছে রাজ্য সরকার। এ ব্যাপারে শিক্ষা দপ্তর আজ বিজ্ঞপ্তি জারি করবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

জাতীয় সংগীত 'জনগণমন'ও একইসঙ্গে প্রার্থনা সংগীত হিসেবে থাকবে। আগামী সোমবার থেকেই এই নির্দেশিকা কার্যকর হচ্ছে।

-----------------------

ভোট পরবর্তী হিংসার মামলায় শুনানিতে অংশ নেওয়ার জন্য আজ কলকাতা হাইকোর্টে উপস্থিত হন প্রক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তৃণমূল কংগ্রেস প্রার্থী শীর্ষন্য বন্দ্যোপাধ্যায় এবং রৌনক মুখার্জীর দায়ের করা মামলায় আজ মমতা ব্যানার্জীর সঙ্গে প্রধান বিচারপতির বেঞ্চে সওয়াল করেন কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য। তাদের বক্তব্য, খেজুরি, ডোমকল, গোঘাট সহ একাধিক এলাকায় ভোট পরবর্তী হিংসার কারণে তৃণমূল কংগ্রেস কর্মীরা আক্রান্ত। হগ মার্কেটে বুলডোজার দিয়ে ভাঙচুর চালনো হয়েছে।

মমতা ব্যানার্জী বলেন, ভোটের ফল প্রকাশের পর এখনও পর্যন্ত রাজ্যে ১০ জন প্রাণ হারিয়েছেন। তাঁর বাড়ির সামনে সর্বক্ষণ হইহল্লা চলছে বলেও অভিযোগ করেন তিনি। সার্বিকভাবে নিরাপত্তার গাফিলতির দিকটি তিনি তুলে ধরেন।

এর পাল্টা হিসাবে কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেনারেল অশোক চক্রবর্তী বলেন, মামংলা করার আগে বাস্তব ঘটনার প্রমাণ আদালতে পেশ করা উচিত। জনস্বার্থ মামলা দায়েরের উদ্দেশ্য নিয়ে তিনি প্রশ্ন তুলেছেন।

অন্যদিকে আইনজীবী ধিরাজ ত্রিবেদী জানান, মামলায় অভিযোগের সপক্ষে কোনো প্রমাণ নেই। আদৌ ভোট পরবর্তী হিংসা কিনা, তা খতিয়ে দেখতে হবে। হগ মার্কেটের ঘটনায় ইতোমধ্যেই ৯ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও তিনি জানিয়েছেন।

দু পক্ষের বক্তব্য শেষে রায়দান স্থগিত রেখেছেন প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথী সেনের ডিভিশন বেঞ্চ।

এদিকে, প্রাক্তন মুখ্যমন্ত্রী সওয়াল করতে শুরু করলে আজ এজলাসে তাকে উদ্দেশ্য করে কটুক্তি করেন কয়েকজন। আদালতের পরিবেশ যাতে নষ্ট না হয়, তা নিশ্চিত করা নির্দেশ দিয়েছেন প্রধান বিচারপতি। আদালতের বাইরেও মমতা ব্যানার্জীকে লক্ষ্য করে স্লোগান শুরু হলে সাময়িক উত্তেজনা ছড়ায়।

অন্যদিকে বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য জানিয়েছেন, মানুষের রায় মেনেই পশ্চিমবঙ্গে প্রকৃত পরিবর্তন হয়েছে। এখনও পর্যন্ত যেসব হিংসার খবর পাওয়া যাচ্ছে, তাতে তৃণমূল কংগ্রেস কর্মীরাই জড়িত।

বাইট শমিক

----------------------

দীর্ঘ টালবাহানার কলকাতা পুলিশের ডিসি শান্তনু সিনহা বিশ্বাস, আজ সল্টলেকের সিজিও কমপ্লেক্সে এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট, ইডির দপ্তরে হাজিরা দিয়েছেন। শ্রী বিশ্বাসের বিরুদ্ধে বেআইনীভাবে জমি দখল, আর্থিক তছরূপ এবং বেআইনী কারবারে যুক্ত থাকার অভিযোগ রয়েছে। দক্ষিণ কলকাতার বালিগঞ্জের বাসিন্দা দুষ্কৃতী সোনা পাপ্পুর মামলার সঙ্গে শান্তনুর যোগসাজশ থাকার অভিযোগ ওঠায় এর আগে একাধিকবার ইডি তাকে তলব করে। কিন্তু প্রতিবারই তা এড়িয়ে যাওয়ায় তার বিরুদ্ধে

লুক আউট নোটিশ জারি করা হয়েছিল। গতকাল ইডি, শান্তনু সিনহা বিশ্বাসের গতিবিধি জানতে চেয়ে ডিরেক্টরেট অফ সিকিউরিটি বা নিরাপত্তা নির্দেশালয়কে চিঠি দেয়। এরপরই আজ সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন তিনি। ইতোমধ্যেই শুরু হয়েছে জেরা।

----------------------

পশ্চিম বর্ধমানের ইসিএল (ECL)-এর কুনুস্টোরিয়া এলাকার পড়াশিয়া কোলিয়ারিতে এক ভয়াবহ খনি দুর্ঘটনায় এক শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত ১৫ র জনেরও বেশি। কোলিয়ারির ভূগর্ভস্থ খনির ২৭ নম্বর সেকশনে ফার্স্ট শিফটে কাজ চলার সময় আচমকাই খনির একটি স্তর থেকে তীব্র গতিতে 'এয়ার ব্লাস্ট' হয়। বাতাসের এই প্রচণ্ড চাপে খনির ভেতরে থাকা শ্রমিকরা চারদিকে ছিটকে পড়েন। প্রাণ হারান দেবায়ন মুন্ডা নামে এক শ্রমিক। আহতদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে।

---------------------- ----------------------